বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০)
৫১-৫২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.bac.gov.bd

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর সংযোজনী ৪ এর আওতায়

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ১.৫ কার্যক্রম অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নে একটি উদ্যোগ।

১. কাউন্সিলের চেয়ারম্যান, সদস্য ও অন্যান্য কর্মকর্তাদের প্রাধিকার অনুযায়ী অফিস স্পেস বরাদ্দ প্রদানের জন্য এবং অধিকতর জন সেবা নিশ্চিতকরণে ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের নির্বাহী কমিটির ১৩তম সভার ৬ নং সিদ্ধান্ত অনুযায়ী কাউন্সিলের বর্তমান অফিস মহাখালী হতে ১, মিন্টোরোড ঢাকায় স্থানান্তর করা হয়েছে। কাজ সম্পাদনের জন্য গঠিত কমিটির প্রতিবেদন সংযুক্ত।

৩০/১২/২২

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
গ্রিন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০)
৫১-৫২, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক: বিএসি/প্রশাসন/ফিটিংসহ সকল মালামাল স্থানান্তর/২০২১/৫১৬৫

তারিখ: ২২ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মহাখালীস্থ বর্তমান অফিসের বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ অন্য সকল ফিটিং খোলা, প্যাকিং, এগারো তলা হতে নামানো, পরিবহন এবং বিসিএল ভবনের ৩য় তলায় উঠানোর কাজ সম্পাদনের জন্য বিগত ১০.১১.২০২১ খ্রি. তারিখে গঠিত কমিটির ২য় সভা ০৯.১২.২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বিএসএল ভবনে অবস্থিত কাউন্সিলের নতুন অফিসে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আরাফাত হোসেন)
সহকারী পরিচালক
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :

১. প্রফেসর এ.কে.এম মুনিরুল ইসলাম, সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ঢাকা-১২১২;
২. জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন, পরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-১২১২;
৩. জনাব মোহাঃ মাহমুদুল হাসান, ব্যবস্থাপক, নির্মাণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ৩ কাওরানবাজার বা/এ, ঢাকা-১২১৫;
৪. জনাব মোহাম্মদ আবদুল আলীম, উপপরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-১২১২;
৫. একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বিএসি, ঢাকা-১২১২;
৬. নথি/মহানথি।

**বিষয়ঃ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মহাখালীস্থ বর্তমান অফিসের বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ অন্য সকল ফিটিং খোলা, প্যাকিং, এগারো তলা হতে নামানো, পরিবহন এবং বিসিএল ভবনের ৩য় তলায় উঠানোর কাজ সম্পাদনের জন্য গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মহাখালীস্থ বর্তমান অফিসের বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ অন্য সকল ফিটিং খোলা, প্যাকিং, এগারো তলা হতে নামানো, পরিবহন এবং বিসিএল ভবনের ৩য় তলায় উঠানোর কাজ সম্পাদনের নিমিত্ত আহ্বায়িত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপ্রস্তাবসমূহ উন্মুক্তকরণ ও মূল্যায়ন করার জন্য ১০.১১.২০২১ তারিখ একটি কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। গঠিত কমিটির ২য় সভা ০৯.১২.২০২১ তারিখ কাউন্সিলের বিএসএল ভবনে অবস্থিত নতুন অফিসে সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কাউন্সিলের সচিব ও কমিটির সভাপতি প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম।

২। সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মহাখালীস্থ বর্তমান অফিসের বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ অন্য সকল ফিটিং খোলা, প্যাকিং, এগারো তলা হতে নামানো, পরিবহন এবং বিসিএল ভবনের ৩য় তলায় উঠানোর কাজ সম্পাদনের নিমিত্ত আরএফকিউ দরপ্রস্তাব আহ্বান করা হয়। আহ্বায়িত আরএফকিউ-এর বিপরীতে প্রাপ্ত দরপ্রস্তাবসমূহ উন্মুক্তকরণ ও মূল্যায়নের জন্য ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। গঠিত কমিটির সভা ১৮.১১.২০২১ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় কাউন্সিলের সভা কক্ষে অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত) । সভায় প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্তকরণপূর্বক মূল্যায়ন করে সর্বনিম্ন দরদাতা জে এম কনস্ট্রাকশন-কে কার্যাদেশ প্রদানের সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)। কমিটির সুপারিশ অনুযায়ী গত ২১.১১.২০২১ তারিখে কাউন্সিলের মহাখালীস্থ বর্তমান অফিসের বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ অন্য সকল ফিটিং খোলা, প্যাকিং, এগারো তলা হতে নামানো, পরিবহন এবং বিসিএল ভবনের ৩য় তলায় উঠানোর কাজ সম্পাদনের নিমিত্ত জে এম কনস্ট্রাকশন-কে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NoA) প্রদান করা হয় এবং ২৫.১১.২০২১ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠান জে এম কনস্ট্রাকশন এর সাথে চুক্তিনামা স্বাক্ষর করা হয় (কপি সংযুক্ত)। চুক্তি অনুযায়ী জে এম কনস্ট্রাকশন কর্তৃক ০৬.১২.২০২১ তারিখে দরপত্র সিডিউলে উল্লিখিত কার্যাবলি সম্পাদন করে মর্মে পত্রমারফত অবগত করে এবং বিলের অর্থ ছাড়করণের জন্য অনুরোধ করে (কপি সংযুক্ত)। ঠিকাদারি প্রতিষ্ঠান জে.এম. কনস্ট্রাকশন কর্তৃক সম্মাদিত কার্যাদি সিডিউলে উল্লিখিত শর্তাবলি অনুযায়ী সম্মাদন করা হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য আজকের এই সভা আহ্বান করা হয়েছে।

৩। জে এম কনস্ট্রাকশন কর্তৃক কাউন্সিলের মহাখালীস্থ বর্তমান অফিসের বৈদ্যুতিক সরঞ্জামাদিসহ অন্য সকল ফিটিং খোলা, প্যাকিং, এগারো তলা হতে নামানো, পরিবহন এবং বিসিএল ভবনের ৩য় তলায় উঠানোর কাজ আরএফকিউ সিডিউলে উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ আছে কিনা তা সরেজমিন যাচাই করার বিষয়ে কমিটির সকলে একমত প্রকাশ করেন। সে অনুযায়ী কমিটি মহাখালীস্থ গ্রিন ডেল্টা এইমস্ টাওয়ারে লেভেল-১০ এবং বিএসএল ভবনের ৩য় তলায় সরেজমিনে পরিদর্শনপূর্বক যাচাই করে দেখেন এবং সিডিউলের বিওকিউতে বর্ণিত মালামাল সঠিক আছে মর্মে অভিমত ব্যক্ত করেন। ঠিকাদারি প্রতিষ্ঠান জেএম কনস্ট্রাকশন কর্তৃক সম্পাদিত কার্যক্রম আরএফকিউ সিডিউলে উল্লিখিত স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন করায় কমিটি কর্তৃক দাখিলকৃত বিল হতে প্রযোজ্য ৩% অগ্রিম আয়কর ও ১০% ভ্যাট কর্তনপূর্বক নীট বিলের অর্থ পরিশোধের বিষয়ে সুপারিশ করেন।

৪। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আরাফাত হোসেন)
সহকারী পরিচালক, বিএসি ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

(মোহাম্মদ আবদুল আলীম)
উপপরিচালক, বিএসি ও সদস্য
সংশ্লিষ্ট কমিটি
কমিটি

(মোহা: মাহমুদুল হাসান)
ব্যবস্থাপক, পেট্রোবাংলা, ও
বহিঃসদস্য, সংশ্লিষ্ট কমিটি

(মোহাম্মদ তাজিব উদ্দিন)
পরিচালক
বিএসি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি

(প্রফেসর এ.কে.এম মুনিরুল ইসলাম)
সচিব, বিএসি ও
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি